গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় শাখা

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪-এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ এহছানে এলাহী সচিব
সভার তারিখ	১১.১০.২০২৩ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা: ০২:০০ ঘটিকায়
স্থান	মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নম্বর-৪২২, ভবন নম্বর-০৭)
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি কর্তৃক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪-এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটি'র ২য় সভায় অংশগ্রহণকারী এ মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মকর্তাদের স্বাগত জানানোর মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ মহিদুর রহমান, যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ১১-০৭-২০২৩ তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪-এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করলে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সর্বসম্মতভাবে তা অনুমোদন করেন।

৩। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ১১-০৭-২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ উপস্থাপন করেন:

ক্রমিক নং	বৈঠকের আলোচ্যসূচি	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়ন অগ্রগতির হার
(ক)	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪-এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটি'র ১ম সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্সে) আপলোড নিশ্চিত করতে হবে।	১৪ আগস্ট ২০২৩ তারিখে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্সে) আপলোড করা হয়েছে।	১০০%
(খ)	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪-এর ১ম কোয়ার্টারে (জুলাই-সেপ্টেম্বর ২০২৩) গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট সকল অনুবিভাগ ও অধীন দপ্তর/সংস্থা কর্তৃক যথাসময়ে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে।	যথাসময়ে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।	১০০%
(গ)	মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা স্ব স্ব দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ১ম কোয়ার্টারের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণসহ ওয়েবসাইটে আপলোড করতে হবে।	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।	১০০%
(ঘ)	শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪-এর ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	নির্দেশনা প্রতিপালন করা হয়েছে।	১০০%

(ঙ)	জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ২.১ কার্যক্রমের ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা নির্ধারিত ৩১-০৭-২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	১০০%

সভাপতি ১১-০৭-২০২৩ তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪-এর অন্তর্ভুক্ত নৈতিকতা কমিটি'র ১ম সভার সিদ্ধান্তসমূহ শতভাগ (১০০%) বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন।

৪। অতঃপর শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪-এর ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন (পরিশিষ্ট-খ)। নৈতিকতা কমিটির সভাপতি শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখা এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়নের বিষয়টি নিশ্চিতকরণের নির্দেশনা প্রদান করেন।

৫। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা স্ব স্ব দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ২য় কোয়ার্টারের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ জানান এবং দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের ওপর মন্ত্রণালয় কর্তৃক ৩১-০১-২০২৪ তারিখের মধ্যে ফিডব্যাক প্রদান করতে হবে মর্মে সভাকে অবহিত করেন।

৬। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪-এর নৈতিকতা কমিটির ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) পরিবীক্ষণ প্রতিবেদন ১৫/০১/২০২৪ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;

(খ) এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট সকল অনুবিভাগ ও অধীন দপ্তর/সংস্থা কর্তৃক যথাসময়ে বাস্তবায়ন করতে হবে;

(গ) এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা স্ব স্ব দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ২য় প্রান্তিকের প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের ওপর মন্ত্রণালয় কর্তৃক ৩১-০১-২০২৪ তারিখের মধ্যে ফিডব্যাক প্রদান করতে হবে।

৭। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১২.৩১.০০২.১৭.২০৬

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩০
১১ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল অতিরিক্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

২) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর / দপ্তর / সংস্থার প্রধান, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

৩) যুগ্মসচিব সকল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৪) উপসচিব সকল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৫) সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

৬) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (কার্যবিবরণী মন্ত্রণালয়ের শুদ্ধাচার সেবাবক্সে আপলোড করার অনুরোধ করা হলো)।

৮) সচিব, সচিব এর দপ্তর, নিম্নতম মজুরী বোর্ড

মোঃ মোস্তাফিজুর রহমান
সহকারী সচিব